তারিখ 22 AUG 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# জামিন পেলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকসহ ৩ জন

■ কোর্ট রিপোর্টার

গুলশানে হলি আর্টিজান রেস্টুরেন্টে হামলাকারী জঙ্গিদের বাসা ভাড়া দেওয়াসহ তথ্য গোপনের অভিযোগে গ্রেফতার নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকসহ তিনজনকে জামিন দিয়েছে আদালত। এরা হলেন, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক এসএম গিয়াস উদ্দিন আহসান, তার ভাগ্নে আলম চৌধুরী ও ওই ফ্ল্যাটের তত্ত্বাবধায়ক মাহবুবুর রহমান।

আসামিদের পক্ষে করা জামিন আবেদনের প্রেক্ষিতে গতকাল রবিবার ঢাকার মহানগর হাকিম সাব্বির ইয়াসির মাহমুদ চৌধুরী এ আদেশ দেন। আদালতের প্রসিকিউশন কর্মকর্তা রূপম কুমার জানান, তদন্ত শেষে তথ্য গোপনের অভিযোগ প্রমাণিত হওয়ায় ফৌজদারী কার্যবিধির ১৭৬ ধারায় শনিবার আসামিদের বিরুদ্ধে প্রতিবেদন দাখিল করে তদন্ত কর্মকর্তা। ধারাটি জামিনযোগ্য বিধায় তাদের জামিন মঞ্জুর করা হয়েছে।